

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.১৪.১৫-০২

তারিখঃ ০১-০১-২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বর্তমানে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত জনাব মোঃ ছালেহ উদ্দিন ০১-০২-১৯৮৯ খ্রিঃ তারিখে সরকারী চাকরিতে যোগদান করেন। তার চাকরিকাল ২৭ বছরের উর্দে হওয়ায় গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর ৯ (১) ধারার বিধান অনুযায়ী তিনি গত ২১-১১-২০১৬ খ্রিঃ তারিখে নিয়োগকারী কর্তৃপক্ষকে নোটিশ প্রদান করে ৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখ থেকে সরকারী চাকরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের ইচ্ছা প্রকাশ করেন। তার ইচ্ছা অনুযায়ী ৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখে স্বেচ্ছায় চাকরি হতে অবসর গ্রহণের অনুমতি প্রদান করা হলো এবং ০১-০১-২০১৭ হতে ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস গড় বেতনে অবসরোত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং ৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখ হতে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।
ফোনঃ ৯৫৪৫৮১৮।

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.১৪.১৫-০২/১(৬)

তারিখঃ ০১-০১-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা। (এতে তাঁর ২৭-১১-২০১৬ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.১৭৭.১০-১১৪৬ নং স্মারকের যোগসূত্র রয়েছে)।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আঃ গণি রোড, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৬। জনাব মোঃ ছালেহ উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।